

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd

তারিখঃ/২০১৯

স্মারক নং-ডিজিডিএ/বিবিধ-৩/০৩/

বিষয়ঃ ফার্মেসীতে মেয়াদোত্তীর্ণ ঔষধের ব্যবস্থাপনা প্রসঙ্গে।

মেয়াদোত্তীর্ণ ঔষধে বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সুনির্দিষ্ট দিক নির্দেশনা থাকা সত্ত্বেও দেশের কোন কোন ফার্মেসীতে মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয় হচ্ছে মর্মে অভিযোগ রয়েছে। মেয়াদোত্তীর্ণ ঔষধের বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশাবলি কঠোরভাবে অনুসরণ করার জন্য সমিতির সদস্যভুক্ত সকল ফার্মেসীর মালিকদেরকে অবহিত করার জন্য বলা হলঃ

- ১) ফার্মেসীতে বিক্রয়ের উদ্দেশ্যে মেয়াদোত্তীর্ণ ঔষধ মওজুদ/সংরক্ষণ করা যাবে না।
- ২) প্রতি সপ্তাহে কমপক্ষে একবার ফার্মেসী পরিচালনার সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গ কর্তৃক ফার্মেসী পরিদর্শনপূর্বক মেয়াদোত্তীর্ণ ঔষধ চিহ্নিত করতে হবে।
- ৩) সনাক্তকৃত মেয়াদোত্তীর্ণ ঔষধসমূহ একটি পৃথক আলমারি/কাপবোর্ড/কন্টেইনার-এ লক এন্ড কি ব্যবস্থায় ফার্মেসী সংলগ্ন স্টোরে সংরক্ষণ করতে হবে। যে সকল ফার্মেসীতে কোন স্টোর নেই সেসব ফার্মেসীতে মেয়াদোত্তীর্ণ ঔষধের একটি কনার চিহ্নিতকরতঃ উক্ত স্থানে মেয়াদোত্তীর্ণ ঔষধের আলমারি/কাপবোর্ড/কন্টেইনার-এ রাখতে হবে। উক্ত আলমারি/কাপবোর্ড/কন্টেইনার-এ লাল কালিতে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে “মেয়াদোত্তীর্ণ ঔষধ, বিক্রয়ের জন্য নয়”।
- ৪) মেয়াদোত্তীর্ণ ঔষধসমূহের বিস্তারিত তথ্যাদি (ঔষধের নাম, উৎপাদনকারী/আমদানিকারী প্রতিষ্ঠানের নাম, ব্যাচ নাম্বার, উৎপাদনের তারিখ, মেয়াদোত্তীর্ণের তারিখ, পরিমাণ ইত্যাদি) একটি পৃথক রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।
- ৫) প্রতি মাসে মেয়াদোত্তীর্ণ ঔষধসমূহ ধ্বংসের নিমিত্তে (Disposal) সংশ্লিষ্ট উৎপাদনকারী/আমদানিকারী প্রতিষ্ঠানকে ফেরৎ দিতে হবে। যদি কোন প্রতিষ্ঠান উক্ত ঔষধ ফেরৎ নিতে অস্বীকৃতি/অনীহা প্রকাশ করে তবে ঔষধ শিল্প সমিতি/বাংলাদেশ ইম্পোর্টার্স এসোসিয়েশন এর মহাসচিব/প্রেসিডেন্ট-কে ব্যবস্থা গ্রহণের জন্য পত্র মারফত অবহিত করতে হবে এবং এর অনুলিপি ঔষধ প্রশাসন অধিদপ্তরকে প্রদান করতে হবে।

উল্লিখিত বিষয়াদি লক্ষন করলে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভাপতি

বাংলাদেশ কেমিস্ট এ্যান্ড ড্রাগিস্ট সমিতি
বাবু বাজার, ঢাকা।

২০১৯

মেজর জেনারেল মোঃ মাহবুবুর রহমান
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৮৮০৮০৩
ই-মেইলঃ dgda.gov@gmail.com

তারিখঃ ১১/০৬/...../২০১৯

স্মারক নং-ডিজিডিএ/বিবিধ-৩/০৩/১১৬

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষক: যুগ্মসচিব, ঔষধ প্রশাসন)।
- ২। মহাপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার, টিসিবি ভবন, ঢাকা।
- ৩। মহাসচিব, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, তেজগাঁও, ঢাকা।
- ৪। জনাব পরিচালক (চ.দা.)/উপপরিচালক/সহকারী পরিচালক/ঔষধ তত্ত্বাবধায়ক/ঔষধ তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত)/ঔষধ পরিদর্শক, ঔষধ প্রশাসন অধিদপ্তর/ঔষধ প্রশাসন
- ৫। সভাপতি, বাংলাদেশ কেমিস্ট এ্যান্ড ড্রাগিস্ট সমিতি,

১১/০৬/...../২০১৯

মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা